—ঃ দ্বিতীয় দীক্ষার পরীক্ষা গ্রহণের জন্য প্রশ্নাবলী ঃ—

১) জড়া প্রকৃতি সম্পর্কে ঃ

ক) জড়া প্রকৃতির তিনটি গুণ সম্বন্ধে সাধারণ ভাবে ব্যাখ্যা করুন। তিনটি গুণের লক্ষণগুলি পৃথকভাবে বর্ণনা করুন।
(ভাঃ ১/৮/৪০, ভাঃ ২/৫/১৮-২৪, গীঃ ৩/৩৩, গীঃ ৫/১৪, গীঃ ১৪/৬-৮, গীঃ ১৭/২-২২, ভাঃ ৩/২৯/৫-১০, গীঃ ১৪/৫-২৯।)

খ) জীব কি নিয়ন্ত্রিত, না মুক্ত, না কি সে উভয়? বদ্ধজীব কিভাবে জড় জগতে আবদ্ধ হয়ে কাজ করে এবং মুক্ত জীব জড় জগতে কিভাবে একত্রে কাজ করে?
(গীঃ ২/৬২-৬৩, গীঃ ৩/৫, গীঃ ৩/২৭, গীঃ ৩/৩৬-৪৩, গীঃ ১৮/৬৩, ভাঃ ২/৫/২০-২১, ভাঃ ১/১১/৪১-৪৮।)

গ) কর্ম, অকর্ম ও বিকর্ম কি?
(গীঃ ৪/১৬-২০, গীঃ ৩/৪-৯, গীঃ ৫/৬-১০, গীঃ ১২/৬-৭।)

ঘ) আটটি জড় উপাদান কি কি?
(গীঃ ৭/৪।)

ঙ) পাঁচটি জ্ঞানেন্দ্রিয় তাদের বিষয় ও পাঁচটি কর্মেন্দ্রিয়ের ব্যাখ্যা করুন।
(গীঃ ১৩/৬-৭, ভাঃ ৩/৫/২৬-৩১, ভাঃ ৩/২০/১২-১৩, ভাঃ ৪/২৯/১১-২০।)

চ) মন, বুদ্ধি এবং অহংকারের কাজ কি?
(গীঃ ৬/৩৪, গীঃ ৬/৫-৭, গীঃ ১৫/৯, গীঃ ১৭/১৬, ভাঃ ২/১১/১৮-২০, ভাঃ ৪/২৯/৭, গীঃ ৩/৪২, গীঃ ১০/৪, গীঃ ১৫/১৫, ভাঃ ৩/২৬/৩০, ভাঃ ৪/১/২৫-২৭, গীঃ ১২/১৩-১৪, গীঃ ১২/১৭, গীঃ ১৮/২০-২৬, গীঃ ১৮/৫৮।)

ছ) আবরণের স্তর এবং বিভিন্ন গ্রহলোকের অবস্থান অনুসারে ব্রহ্মাণ্ডের প্রাথমিক গঠনের ব্যাখ্যা করুন। এর মধ্যে পৃথিবীর অবস্থান কোথায়?
(ভাঃ ৩/১১/৪১, ভাঃ ৩/২৬/৫২, ভাঃ ৬/১৬/৩১, ভাঃ ৫/১৬/১১-২৬।)

জ) বিভিন্ন প্রজাতির গুলি কি কি এবং সংখ্যায় কত? মানুষ অপেক্ষা নিম্নপর্যায়ে জীব কিভাবে দেহান্তরিত হয়?
(ভাঃ ২/৯/২, ১০/১৩৫।)

ঝ) মৃত্যুর সময় মানুষ কিভাবে দেহ পরিবর্তন করে?
(গীঃ ৮/৫-৬, গীঃ ৮/২৩-২৫, গীঃ ৯/২০-২৫, গীঃ ১৪/১৪-১৫, ভাঃ ৪/২৮/৩-২৭।)

ঞ) কর্মের ব্যাখ্যা দাও। জীব কিভাবে কর্মের দ্বারা প্রভাবিত হয়?
গীঃ ৩য় ও ৫ম অধ্যায়, (গীঃ ১৮/৬৬, ভাঃ ৩/৩১/১, ভাঃ ৪/২৯/৫৮।)

ট) পাপ এবং পূর্ণ্য কর্মের প্রতিক্রিয়া গুলি কি কি? পাপ কর্ম, পূর্ণ্য কর্ম এবং তাদের প্রতিক্রিয়ার কয়েকটি দৃষ্টান্ত দিন।
(গীঃ ৩/১০, গীঃ ১৮/৪০, গীঃ ৫/২৬।)

ঠ) দেবতারা কি? -ব্যাখ্যা করুন। এদের পাঁচ জনের কার্যকলাপ সম্পর্কে বর্ণনা করুন।
(গীঃ ৩/১১-১২, গীঃ ৪/১২, গীঃ ১০/২, গীঃ ৪/১২, ভাঃ ২/৩/২৭)

ড) বর্ণাশ্রম কি? প্রতিটি বর্ণ এবং আশ্রমের কর্তব্য কি? এক্ষেত্রে আপনার পদ কোথায় বলে মনে করেন এবং কেন? বর্ণ অনুসারে আপনাদের উপযুক্ত আশ্রম কোনটি এবং সেই অনুসারে আপনি নিজেকে কোন আশ্রমের যোগ্য বলে বিবেচনা করেন?
(গীঃ ৪/১৩, গীঃ ১৬/১-৩, গীঃ ১৮/৪১-৪৪, ভাঃ ১/৯/২৬-২৮, ভাঃ ৮/২/৩০, গীঃ ৭/১১।)

ঢ) ব্রহ্মার আয়ুষ্কাল অনুসারে বৈদিক সময়ের হিসাব কিভাবে হয়? আমাদের সময়ের হিসাবে ব্রহ্মার এক জীবন কিভাবে হিসাব করা হয়? বিভিন্ন যুগের সাধন প্রণালীর বর্ণনা দিন।

ণ) কলিযুগের বিশেষ বৈশিষ্ট্য কি? কলিযুগের নিয়ন্ত্রণ কর্তা কে এবং ভাগবতে তার সম্পর্কে কি বর্ণনা করা হয়েছে? এই কলিযুগের সুবিধা এবং অসুবিধাগুলি কি কি?
(গীঃ ৮/১৭, গীঃ ১/৩০, গীঃ ১১/৩২, ভাঃ ৩/১০/১০-১৩, ভাঃ ১/৮/২৮, ভাঃ ৩/১০/১০-১৩।)

২। আত্মা এবং পরমাত্মা সম্পর্কে ঃ

ক) আত্মার যতগুলি পারে তার গুণাবলী লিখুন। এই গুণগুলি দেহের গুণ থেকে কিভাবে ভিন্ন তার ব্যাখ্যা করুন।
(গীঃ ৩/১৩, গীঃ ২/১৭-২৭, গীঃ ১৫/৭, গীঃ ১৩/৬-৭, গীঃ ১৫/৭।)

খ) ভগবদ্‌গীতার " দেহিনোঽস্মিন্ যথা দেহে' (২/১৩) শ্লোকের গুরুত্ব ব্যাখ্যা করুন। (২/১২।)

গ) 'ঈশ্বর সর্বভূতানাং' (গীতা ১৮/৬১),
'সর্বস্য চাহং হৃদি সন্নিচিষ্টো" (গীতা ১৫/১৫) এবং
'উপদ্রষ্টানুমন্তা চ' (গীতা ১৩/২৩) শ্লোক গুলি অনুসারে পরমাত্মার কাজ কি?
(গীঃ ১৮/৬১, গীঃ ১৫/১৫, গীঃ ১৩/২৩, গীঃ ১৫/১৮, ভাঃ ২/১/৩-১৩, ভাঃ ৮/২৮/৫১-৬৮।)

ঘ) কিভাবে পরমাত্মা সমস্ত বদ্ধ জীবদের কর্ম নিয়ন্ত্রণ করেন?
(গীঃ ১৩/১৪, গীঃ ১৩/২৩-২৯।)
ঙ) একটি গাছে দুটি পাখির দৃষ্টান্তটি কি এবং এর ব্যাখ্যা করুন?
(গীঃ ২/২২, ভাঃ ১১/১১/৬-৭, চৈঃ আদি ৬/১৬২)

৩। শ্রীকৃষ্ণ এবং পরম সত্য সম্পর্কে ঃ

ক) শ্রীকৃষ্ণকে ? ঈশ্বর, পুরুষ, ভগবান, (গীঃ ২/২, গীঃ ১০/১, গীঃ ১০/১২, গীঃ ১১/৩৮, গীঃ ১৩/২৮।) আদিদেব ইত্যদি বলে বর্ণনা করা হয়েছে কেন? শ্রীকৃষ্ণের কোন কোন গুণ তোমার মনে আছে? 'অহংসর্বস্য প্রভবো' (গীতা ১০/৮) শ্লোকটি অনুসারে উত্তর দিতে চেষ্টা করুন।

খ) ' যে যথা মাং প্রপদ্যতে' (গীতা ৩/৪) শ্লোকের তাৎপর্য কি?
(গীঃ ৮/১১, ভাঃ ৬/১১/২২, সিসিএ-৪/১৯-২২, সিসিএম ৯০-৯১।
গ) জীবনের পরম লক্ষ্য কি? কিভাবে তা অর্জন করা যায়?
(গীঃ ৭/১৮, গীঃ ৯/১৮, গীঃ ১১/৫৫, ভাঃ ১০/৮/৪৫, চৈঃ অন্ত ৭/১৩, ৭/৮৪, চৈঃ মধ্য-৬৮-৮৩, ২৩ আদি।)
ঘ) শ্রীকৃষ্ণ ও শ্রীবিষ্ণুর সবিশেষ রূপের গুণাবলী কি কি?
(চৈঃ মধ্য-২১-২৮, চৈঃ মধ্য- ২৩/৬৯-৮৫, চৈঃ আদি ২১-২৮, ভাঃ ২/২/৮-১৩, ভাঃ ৩/১৫/৩৫-৪৫।)
ঙ) ভগবানের দশ অবতারের বৈশিষ্ট্যগুলি যথা সম্ভব ব্যাখ্যা করুন। ভগবানের কত প্রকার অবতার আছে তা বর্ণনা করুন।
(ভাঃ ১/৩/১৫, ভাঃ ১/১৫/৩৫, ভাঃ ২/৭/১২, ভাঃ ৫/১৫/২৪-২৯, গীঃ ৬/৮-১১৩, ভাঃ ৬/৯/২৩, ভাঃ ১/৩/১৬, ভাঃ ১/৩/৭, ভাঃ ১/৩/১৮, ভাঃ ১/৩/১৯, ভাঃ ১/৩/২০, ভাঃ ১/৩/২২) ভাঃ ১/৩/২৩, ভাঃ ১/৩/২৩, ভাঃ ১/৩/২৯, ভাঃ ১/৩/২৫
চ) পঞ্চতত্ত্ব কে কে এবং কৃষ্ণলীলায় তাঁরা কে ছিলেন?
ছ) পরমেশ্বর ভগবানের একজন যথার্থ অবতারের এবং যে প্রতারক নিজেকে অবতার বলে প্রকাশ করেছেন, তাদের লক্ষণগুলি কি কি? প্রতারক যে ভগবান কি না, তা কিভাবে তাকে প্রমাণ করতে আহ্বান করবেন? প্রচারক ভক্তদের কাছে জেনে নেবেন।
ভাঃ ৪/১৫/৯-১০, গীঃ ১০/১১, গীঃ ১৭/৫৩।
জ) পরম সত্যের তিনটি প্রকাশ তা বর্ণনা করুন। প্রত্যেকটি উপলব্ধির জন্য পৃথক পৃথক যোগ পদ্ধতিগুলি কি কি?
গীঃ ২/২ তাৎপর্য, ১/২/১১
ঝ) তিন প্রকার ভগবদ্ উপলব্ধির মধ্যে (ব্রহ্মা, পরমাত্মা, ভগবান) কেনটি পূর্ণ? আজকের দিনে আত্মা উপলব্ধির কোন পন্থাটি উপযুক্ত? এবং কেন? (ঈশোপনিষদ)

৪। গুরু পরম্পরা সম্পর্কে ঃ

ক) গুরু পরম্পরা কি এবং তা গুরুত্বপূর্ণ কেন? আমাদের সম্প্রদায়ের নাম কি? অন্যান্য সম্প্রদায়গুলি কি কি? যদি পারেন প্রধান সম্প্রদায়ের আচার্যদের নাম লিখুন। গীঃ ৪/১/৩, প্রচারক ভক্তদের কাছে জেনে নেবেন, চৈঃ মহাপ্রভু শিক্ষা, ভূমিকা।
(গীঃ১/২-১, ভাঃ ৬/৩/২০-২৯, ভাঃ ৬/৫/২২, ভাঃ ১০/২/৩১, ভাঃ ৭/১/১১, চৈঃ অন্ত ১/১৯, ১/৪৫)
খ) আমাদের সম্প্রদায়ের শ্রীল জগন্নাথ দাস বাবাজী থেকে আজ পর্যন্ত আচার্য্যদের নামগুলি লিখুন। যদি সম্ভভ হয়, শ্রীচৈতন্য মহাপ্রভুর সময় থেকে এবং ভগবান শ্রীকৃষ্ণ থেকে শ্রীল মধ্বাচার্য পর্যন্ত পরম্পরা আচার্যদের নাম লিখুন। গীতা প্রথম অধ্যায়ে আগে আছে।
গ) 'তদ্‌বিদ্ধি প্রণিপাতেন' (গীতা ৪/৩৪) শ্লোকের তাৎপর্য কি?
(ভাঃ ২/৯/৪৩, ভাঃ ৮/২৮/৬৪, ভাঃ ৫/২২/৩, ভাঃ ৯/৯/৪১, ভাঃ ৬/১/১৫।)
ঘ) দীক্ষাগুরু, শিক্ষাগুরু এবং বত্মপ্রদর্শক গুরু কি?
(ভাঃ ৪/২২/৩২-৩৩, চৈঃ মঃ ৩/১২৩, ২৪/৩৫০, ৩৫১।)
ঙ) 'প্রতিষ্ঠাতা আচার্য' কথাটির বিশেষ গুরুত্ব কি? শ্রীল প্রভুপাদের সঙ্গে সমস্ত ইস্‌কন ভক্তদের অনুপম সম্পর্ক কি? (প্রভুপাদ লীলামৃত)
চ) শ্রীল প্রভুপাদ পাশ্চাত্য দেশে গিয়ে কিভাবে কৃষ্ণভাবনামৃত আন্দোলন শুরু করেন, তা বর্ণনা করুন। (প্রভুপাদ লীলামৃত)

৫। কৃষ্ণভাবনামৃত সম্পর্কে ঃ

ক) কৃষ্ণভাবনামৃত অনুশীলনের গুরুত্ব কি?
(ভাঃ ৯/৯/৪৪-৪৫)।
খ) সনাতন ধর্ম কি?
(মুখবন্ধ ১৮ পৃষ্ঠা)
গ) শ্রীচৈতন্য মহাপ্রভু ভক্তিযোগকে হৃদয়ে বীজ বপনের সঙ্গে তুলনা করেছেন (ভক্তিলতা বীজ), "ভক্তিলতায় শ্রবণ, কীর্তন ও অন্যান্য ভগবৎ সেবার মাধ্যমে জল সেচন করা হয়"। মহাপ্রভু কোন দুই ধরণের বিপদ থেকে সতর্ক হতে নির্দেশ দিয়েছেন? এই বিপদগুলি থেকে ভক্ত কিভাবে ভক্তিলতাকে রক্ষা করতে পারে? (চৈঃ চঃ মধ্য লীলা ১৯ পরিচ্ছেদে)
ঘ) ব্রহ্মণের নয়টি গুণ কি কি?
(১৮/৪২)
ঙ) কিভাবে বাহ্যিক এবং আন্তরিক ভাবে উপরের গুণগুলির মধ্যে যেকোন তিনটি গুণকে ভগবৎ সেবায় লাগানো যেতে পারে তা উদাহরণ সহ বোঝাও। (জেলা প্রচারক)

চ) 'আমি কে?' এটি হচ্ছে আত্মোপলব্ধির প্রাথমিক প্রশ্ন? শ্রীচৈতন্য মহাপ্রভুর শিক্ষা অনুসারে ব্যাখ্যা করুন আপনি কে?
(চৈঃ মধ্য ২০-২১, ২২ পরিচ্ছেদে সনতন শিক্ষা)

ছ) মানুষ কি ভগবান হতে পারে? যদি হয় তবে পন্থাটি বর্ণনা করুন। ভগবান শ্রীকৃষ্ণের অবতরণ কি মানুষের মত? কোন শক্তির দ্বারা তিনি জড় জগতে অবতরণ করেন। (জেলা প্রচারক)

জ) ব্রাহ্মণকে দ্বিজ বলা হয় কেন? ব্রাহ্মণকে তার বেশী দায়িত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে তার কার্যকলাপে আরও সতর্ক হতে হবে। দ্বিতীয় দীক্ষা গ্রহণের কি এমন সুযোগ সুবিধা আছে যার জন্য এটি এত মূল্যবাণ? (প্রচারক ভক্তবৃন্দ)

ঝ) ভক্তিযোগের মাধ্যমে অতি সহজেই মুক্তি পাওয়া যায়, তবে কেন ভক্তরা অত ঝুঁকি নিয়ে কৃষ্ণভাবনা প্রচার করতে চায়? (জেলা প্রচারক)

৬। আমাদের ব্যক্তিগত জীবন সম্বন্ধে ঃ

ক) বিধিনিষেধগুলি কি কি এবং সেগুলি ভঙ্গ করা খারাপ কেন?
(গীঃ ২/৪৪, গীঃ ২/৬২, ৬৩, গীঃ ১৬/২১, গীঃ ১৮/২৩, ভাঃ ১/৭/২৪, ২৫, ৩৮, ভাঃ ৬/১/১৫, ৫৮, ৬০)

খ) প্রত্যহ ১৬ মান জপের গুরুত্ব বর্ণনা করুন। তা না করার ফল কি?
(ভাঃ ২/১/১১, ভাঃ ৬/২/৭, চৈঃ মঃ ৭/৩১, চৈঃ মঃ ৪/৭১)

গ) আহারের পূর্বে ও পরে স্মরণীয় ও করণীয় কি কি?
(চৈঃ মঃ ৬/১১৮-২২৮)

ঘ) কি কি ভাবে কলুষিত হলে আমাদের স্নান করা একান্ত প্রয়োজন? (বৈষ্ণব সদাচার)

ঙ) একজন ব্রাহ্মণের বা মন্দিরে কিরূপ শুদ্ধতা বজায় রাখা উচিৎ? (বৈষ্ণব সদাচার)

চ) মন্দিরে স্ত্রীলোক এবং পুরুষদের মধ্যে যথার্থ সম্পর্ক কিরূপে হবে? মন্দিরের সেবার ক্ষেত্রে এবং সেবা ছাড়া উভয়ের মধ্যে সম্পর্ক কিরূপ হবে? (ভাঃ ৩/২৭/৭৪, প্রচারক ভক্তদের কাছে জেনে নেবেন।)

ছ) সংকীর্তনের গুরুত্ব কি?
(ভাঃ ৮/২৩/১৬, ভাঃ ৯/১৪/৪৮, ভাঃ ৯/১/১৭)

জ) এই আন্দোলনকে 'সংকীর্তন আন্দোলন' বলা হয়েছে কেন? এই ক্ষেত্রে মন্দিরের গুরুত্ব কি?
(ভাঃ ২/১/১১, ৪/২০/২৫-২৬, চৈঃ মঃ ১৭/১৩১-১৩৫, ভাঃ ২/৩/৫১,৫২)

৭। গুরুত্বপূর্ণ অতিরিক্ত বিষয়াদি ঃ

ক) কর্মযোগ, জ্ঞানযোগ, অষ্টাঙ্গযোগ, ও ভক্তিযোগের পদ্ধতিগুলি বর্ণনা করুন।
(গীঃ ৩,৫(এ), ৪ (এ), ৬ (এ), ১২ (এ))

খ) নির্বিশেষবাদ কি? এই পদ্ধতি নিকৃষ্ট কেন ও কে তার প্রবর্তন করেন?
১২/১-৭, চৈঃ চঃ অন্ত ৭/২৯-১৬২, মধ্যঃ ৬/১৪৮)।

গ) শূণ্যবাদ দর্শন কি? এটি ভুল কেন? কে তা শুরু করেন?
(শ্রীল প্রভুপাদ লেকচার)

ঘ) ব্যাসদেবের অসন্তুষ্টির কারণ ব্যাখ্যা করুন। তা কিভাবে তাঁর অসন্তুষ্টি দূর করা হয়েছিল?
(ভাঃ ১/৫/১-১৫)

ঙ) ভগবদ্‌গীতায় যে পরিস্থিতির মধ্যে বর্ণনা করা হয়েছিল তা ব্যাখ্যা করুন।
(ভাঃ ১/১-৪৬)

চ) অনুবাদ সহ কমপক্ষে ১০টি শ্লোক লিখুন।